

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা হিসাব রক্ষণ অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১০/০৯/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা হিসাব রক্ষণ অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ এর উপর গুরুত্বারোপ করেন এবং নিম্ন লিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।


সভাপতি জানান যে, এডিপি বরাদ্দে সর্বোত্তম ব্যবহারের মাধ্যম স্থানীয় উন্নয়নকে ত্বরান্বিতকরন। পাংশা অনঅগ্রসর জনপদ হিসাবে প্রকল্প বাচাইয়ে সতর্কতা অবলম্বন করতে হবে সেই প্রকল্পই নিতে হবে যা স্থানীয়জনগণ সরাসরি এর সুফল ভোগ করবে এবং সম্পদ সৃষ্টিতে ব্যবহার হবে। অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে যা অবস্থার পরিবর্তন ঘটাবে জীবনমান উন্নয়নে অবদান রাখবে সেই প্রকল্প হাতে নিতে হবে।

তিনি আরও জানান যে, উপজেলা পরিষদে স্থানীয় সম্পদের উৎসহ গুলো চিহ্নিতকরণ করে কর রেইট, টোল, ফিস ইত্যাদি আদায় করার জন্য উপজেলা পরিষদে আমাদের সুপারিশ করতে হবে।

সভাপতি আরও জানান যে, উপজেলা পরিষদকে কার্যকরী করার জন্য স্থানীয় সম্পদ আহরণের উপর জোর দিতে হবে।

এ বিষয়ে বাবুপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের সার্বিক আয়-ব্যয়ের প্রতিবেদন ছয়মাস অন্তর তৈরি করে সভায় উপস্থাপনের ব্যবস্থা নিতে হবে।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাজস্ব সংগ্রহের উপর প্রতিবেদন প্রণয়ন এর গুরুত্বারোপের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( জালাল উদ্দিন বিশ্বাস )

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, পাংশা।

তারিখঃ ১০/০৯/২১

স্মারক নং-অর্থ ও বাজেট/পাংশা/২০২১ - ২৭

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

২। উপ-পরিচালক স্থানীয় সরকার, পাংশা।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।

৫। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।



উপজেলা হিসাব রক্ষণ অফিসার

পাংশা, রাজবাড়ী।